"সত্যের সন্ধানে অবিচল"

নোয়াখালী খবর এক্সপ্রেস

NOAKHALI KHABAR EXPRESS

Noakhali Khabar Express

অনলাইন দৈনিক ই-পেপার | শুক্রবার, ৬ নভেম্বর,২০২৬ | বর্ষ:-১, সংখ্যা :-০৪ | www.noakhalikhabarexpress.com



সেনবাগে অটো রিক্সার ধাক্কায় শিশুর মৃত্যু

নোয়াখালীর সেনবাগে সড়ক পার হওয়ার সময় অটোরিকশার ধাক্কায় মো. সামির নামে সাত বছর বয়সী এক শিশুর মৃত্যু হয়েছে।

শুক্রবার (৬ নভেম্বর) দুপুর ১টার দিকে উপজেলার কেশারপাড় ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের দীঘিরপাড় পাকা সড়কে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, বাড়ির কাছের সড়ক পার হওয়ার সময় দ্রুতগতির একটি অটোরিকশা শিশুটিকে ধাক্কা দেয়। এতে গুরুতর আহত হয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। দুর্ঘটনার পর অটোরিকশাটি পালিয়ে যায়।

সেনবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. শাহজাহান কামাল জানান, এ ঘটনায় এখনো কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি।



ঢাকায় ২৪ ঘন্টায় ৫৫৭ জন গ্রেপ্তার, ৫৫ মামলা

রাজধানী ঢাকায় অপরাধবিরোধী বিশেষ অভিযানে গত ২৪ ঘণ্টায় ৫৭৭ জনকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। এ সময় বিভিন্ন থানায় ৫৫টি মামলা করা হয়েছে।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) ডিএমপির সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

পুলিশের তথ্য অনুযায়ী, রাজধানীর আটটি বিভাগ ও গোয়েন্দা পুলিশের অভিযানে এসব ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। অভিযানে ২ হাজার ৫৩৯ পিস ইয়াবা, ১৫০ গ্রাম গাঁজা ও ১ দশমিক ৮৫ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়েছে।

এ ছাড়া তিনটি মোটরসাইকেল, আটটি মোবাইল ফোন ও নগদ টাকা উদ্ধার করা হয়। গ্রেপ্তার ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে।



টেকনাফে মানবপাচারবিরোধী অভিযানে সেনা সদস্য নিহত, উদ্ধার ৫৭

- কক্সবাজারের টেকনাফে মানবপাচারকারী চক্রের বিরুদ্ধে যৌথ বাহিনীর অভিযানে গোলাগুলির ঘটনায় বাংলাদেশ সেনাবাহিনীর এক সদস্য নিহত হয়েছেন। এ সময় জিম্মি অবস্থায় থাকা ৫৭ জনকে উদ্ধার এবং পাঁচজন সন্দেহভাজনকে আটক করা হয়েছে।
- বৃহস্পতিবার (৫ নভেম্বর) বিকেলে টেকনাফের রঙ্গিখালী পাহাড়ি এলাকায় এ অভিযান পরিচালিত হয়।
- আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) সূত্রে জানা যায়, অভিযানের সময় মানবপাচারকারীরা যৌথ বাহিনীর সদস্যদের লক্ষ্য করে গুলি চালায়। এতে সেনাসদস্য সিপাহী মো. তিতাস শেখ (২৭) গুলিবিদ্ধ হন। পরে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।
- অভিযানে উদ্ধার হওয়া ব্যক্তিদের নিরাপদ স্থানে নেওয়া হয়েছে। আটক ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্



সূবর্ণচরে নিখোঁজ শিশুর মরদেহ উদ্ধার

নোয়াখালীর সুবর্ণচর উপজেলায় নিখোঁজের এক দিন পর শামীম হোসেন (৭) নামে এক শিশুর মরদেহ বাড়ির পুকুর থেকে উদ্ধার করা হয়েছে।

বুধবার (৪ নভেম্বর) বিকেলে উপজেলার চরজুবিলী ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের একটি পুকুর থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। এর আগে মঙ্গলবার বিকেল থেকে শিশুটি নিখোঁজ ছিল।

পরিবারের সদস্যরা বিভিন্ন স্থানে খোঁজাখুঁজির পর পুকুরের পানি সেচে মরদেহটি দেখতে পান। পরে শিশুটিকে উদ্ধার করা হয়।

চরজব্বর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা রফিকুল হাসান জানান, শিশুটির মৃত্যু পানিতে ডুবে হয়েছে।

🌐 VISIT:
noakhalikhabarexpress.com
📘 FOLLOW:
noakhalikhabarexpressbd
▶️ SUBSCRIBE:
@noakhalikhabarexpress

"সত্যের সন্ধানে অবিচল"
নোয়াখালী খবর এক্সপ্রেস
NOAKHALI KHABAR EXPRESS
Noakhali Khabar Express
অনলাইন দৈনিক ই-পেপার | www.noakhalikhabarexpress.com
বর্ষ:-০১,সংখ্যা :-৪
শুক্রবার, ৬ নভেম্বর ২০২৬



চলতি শীতে দেশে ৪ থেকে ৬ টি শত্যপ্রবাহের আশঙ্কা

চলতি শীত মৌসুমে দেশে চার থেকে ছয়টি শৈত্যপ্রবাহ বয়ে যেতে পারে বলে পূর্বাভাস দিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। এর মধ্যে দুই থেকে তিনটি তীব্র শৈত্যপ্রবাহে রূপ নিতে পারে।

আবহাওয়া অধিদপ্তরের নভেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত তিন মাসের পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে।

পূর্বাভাস অনুযায়ী, শীত মৌসুমে দেশের বিভিন্ন অঞ্চলে মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে। কোনো কোনো এলাকায় তাপমাত্রা উল্লেখযোগ্যভাবে কমে যাওয়ার আশঙ্কাও রয়েছে।

শীতের তীব্রতা বাড়লে শিশু, বয়স্ক ও অসুস্থ ব্যক্তিদের বাড়তি সতর্কতা অবলম্বনের পরামর্শ দিয়েছেন সংশ্লিষ্টরা



বাংলাদেশ কোস্ট গার্ড পাঁচ জাহাজের নাম পরিবর্তন

বাংলাদেশ কোস্ট গার্ডের পাঁচটি জাহাজের নাম পরিবর্তনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা থেকে অনুমোদন দেওয়া হয়েছে বলে সংবাদমাধ্যমে প্রকাশিত প্রতিবেদনে জানানো হয়েছে।

প্রতিবেদন অনুযায়ী, জাহাজগুলোর আগের নামের মধ্যে কয়েকটি ঐতিহাসিক ও রাজনৈতিকভাবে পরিচিত নাম ছিল। নতুন নামকরণের মাধ্যমে জাহাজগুলোর পরিচিতিতে পরিবর্তন আনা হয়েছে।

তবে নাম পরিবর্তনের বিস্তারিত কারণ এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ব্যাখ্যা জানা যায়নি।



চিকিৎসা সরন্জাম উৎপাদনে ৮-৯ বিলিয়ন ডলারের সম্ভবনা দেখছে বাংলাদেশ

দেশে চিকিৎসা সরঞ্জাম উৎপাদন খাতে ৮ থেকে ৯ বিলিয়ন মার্কিন ডলারের ব্যবসায়িক সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী ডা. এস এম জিয়াউদ্দিন হায়দার।

শুক্রবার (৬ নভেম্বর) ঢাকায় অনুষ্ঠিত ৩০তম ইউএস ট্রেড শোর দ্বিতীয় দিনে স্বাস্থ্যসেবা ও বিনিয়োগবিষয়ক এক সেমিনারে তিনি এ কথা বলেন।

তিনি জানান, বাংলাদেশ বর্তমানে অধিকাংশ চিকিৎসা সরঞ্জাম বিদেশ থেকে আমদানি করে। দেশে এসব সরঞ্জাম উৎপাদনের সক্ষমতা বাড়ানো গেলে আমদানিনির্ভরতা কমবে। একই সঙ্গে নতুন বিনিয়োগ, কর্মসংস্থান এবং দেশীয় শিল্পের বিকাশের সুযোগ তৈরি হবে।

চিকিৎসা সরঞ্জাম উৎপাদন খাতে বিনিয়োগ আকৃষ্ট করতে সরকার কর-সুবিধাসহ প্রয়োজনীয় সহায়তার বিষয়টি বিবেচনা করছে বলেও তিনি জানান।

সূত্র: ৬ নভেম্বর ২০২৬-এর সংবাদ প্রতিবেদন



আদালত প্রাঙ্গনে সাংবাদিকের সঙ্গে পরিমনির বিতর্ক, মোবাইল কেড়ে নেওয়ার অভিযোগ

ঢাকা প্রতিনিধি | নোয়াখালী খবর এক্সপ্রেস

ঢাকার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত প্রাঙ্গণে চিত্রনায়িকা পরীমনিকে ঘিরে হট্টগোল ও ধাক্কাধাক্কির ঘটনা ঘটেছে। এ সময় এক সাংবাদিকের মোবাইল ফোন কেড়ে নেওয়া এবং সাংবাদিকদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণের অভিযোগ উঠেছে তাঁর বিরুদ্ধে। একই ঘটনায় তাঁর নিরাপত্তারক্ষীদের ধাক্কায় এক বিচারপ্রার্থী আহত হওয়ার অভিযোগও পাওয়া গেছে।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) ব্যবসায়ী নাসির উদ্দিন মাহমুদের করা মারধর, ভাঙচুর ও ভয়ভীতি দেখানোর মামলায় আদালতে আত্মসমর্পণ করে জামিন পান পরীমনি। আদালত ৫০০ টাকা মুচলেকায় তাঁর জামিন মঞ্জুর করেন।

আদালতে ছবি ও ভিডিও ধারণের সময় সাংবাদিকদের সঙ্গে পরীমনির নিরাপত্তারক্ষীদের ধাক্কাধাক্কি হয়। লিফটে ওঠার সময় সমকালের মাল্টিমিডিয়া রিপোর্টার রবিউল হোসাইনের মোবাইল ফোন কেড়ে নেওয়ার অভিযোগ ওঠে। পরে ওই সাংবাদিক ফোনটি ফিরিয়ে নেন।

আদালত থেকে বের হওয়ার সময়ও সাংবাদিকদের সঙ্গে উত্তপ্ত পরিস্থিতির সৃষ্টি হয়। এ ঘটনায় অন্তত দুই সাংবাদিক আহত হয়েছেন বলে বিভিন্ন সংবাদমাধ্যমে উল্লেখ করা হয়েছে।

ঘটনার বিষয়ে পরীমনির বক্তব্য তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি। সাংবাদিকদের পেশাগত দায়িত্ব পালনের পরিবেশ ও নিরাপত্তা নিয়ে ঘটনাটি নতুন করে প্রশ্ন তুলেছে।